JA 8 - 200

পাঠ্যপুস্তক প্রকাশের দাবি

# ৯ জানুয়ারি টেক্সট বুক বোর্ড ঘেরাও করবে ছাত্র ইউনিয়ন

অবিলম্বে শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক পৌঁছে দেওয়ার দাবিতে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন আগামী ৯ জানুয়ারি মঙ্গলবার টেক্সট বুক বোর্ড ঘেরাও কর্মসূচি ঘোষণা করেছে।

গতকাল রোববার ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগর সংসদের সভাপতি মাহবুবুর রহমান শিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সভায় এই কর্মসূচি ঘোষণা করা হয়। সভায় বক্তারা বলেন, পাঠ্য-পুস্তক বোর্ডের দুর্নীতিবাজ কর্মকর্তা ও ঋণ খেলাপি প্রতিষ্ঠানের যোগসাজশে পাঠ্যপুস্তক নিয়ে কৃত্রিম সংকট সৃষ্টি করা হচ্ছে। নতুন বছর শুরু হয়ে যাওয়ার পরও ছাত্রছাত্রীদের হাতে পাঠ্যপুস্তক পৌঁছায়নি। দেশের লড়াকু ছাত্র সমাজ সকল ষড়যন্ত্র প্রতিহত করে আগামীতে এর বিরুদ্ধে দুর্বার আন্দোলন গড়ে তুলবে।

একই দাবিতে আগামীকাল সোমবার বাংলাদেশ ছাত্র মৈত্রীর উদ্যোগে স্কুলের ছাত্রছাত্রীদের বই-খাতা মিছিলের কর্মসূচি পালিত হবে। সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ভবনের সামনে থেকে মিছিল শুরু হয়ে জাতীয় প্রেসক্লাবের সামনে শেষ হবে। বিজ্ঞপ্তি।




*অবিলম্বে শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক পৌঁছে দেওয়ার দাবিতে বাংলাদেশ ছাত্র ফেডারেশন গতকাল নগরীর মতিঝিলে টেক্সট বুক বোর্ড ভবন ঘেরাও করে* —ভোরের কাগজ